## রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের সম্মিলিত আর্থিক তথ্য-উপাত্ত

এ বাজেট প্রকাশনায় রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার অ-আর্থিক (Non financial) শ্রেণিভুক্ত মোট ৪৯ (উনপঞ্চাশ) টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের ২০১৯-২০ অর্থবছরের বাজেট প্রাক্কলনসহ ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেট অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বাজেট বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (BSIC) অনুযায়ী নিম্নলিখিত ৭টি সেক্টরে বিভক্ত করা হয়েছে:

| | | |
|---|---|---|
| ১. শিল্প সেক্টরে ৬ টি সংস্থা | : | বাংলাদেশ বস্ত্রশিল্প কর্পোরেশন, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ পাটকল কর্পোরেশন। |
| ২. বিদ্যুৎ, গ্যাস ও পানি সেক্টরে ৬ টি সংস্থা | : | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ, খুলনা পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, চট্টগ্রাম পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ এবং রাজশাহী পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ। |
| ৩. পরিবহন ও যোগাযোগ সেক্টরে ৭ টি সংস্থা | : | বাংলাদেশ সমুদ্র পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। |
| ৪. বাণিজ্য সেক্টরে ৩ টি সংস্থা | : | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত) এবং বাংলাদেশ বাণিজ্য কর্পোরেশন। |
| ৫. কৃষি ও মৎস্য সেক্টরে ২ টি সংস্থা | : | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন। |
| ৬. নির্মাণ সেক্টরে ৬ টি সংস্থা | : | চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এবং কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ। |
| ৭. সার্ভিস ( সেবামূলক) সেক্টরে ১৯ টি সংস্থা | : | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ- পরিবহন কর্তৃপক্ষ, পল্লি বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড , বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টটিউট, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ চা বোর্ড, এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন, বাংলাদশে অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার। |

এ বাজেটে ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের আয়, ব্যয়, মূল্যসংযোগ, উৎপাদনে শ্রম, মূলধন ইত্যাদির অবদান, উৎপাদনশীলতা, সঞ্চয় ও বিনিয়োগ ইত্যাদির সম্মিলিত আর্থিক তথ্য-উপাত্ত তুলে ধরা হয়েছে।

**রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের আয় ও ব্যয়**

সারণি-১ এ ৪৯টি সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত এবং ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেট এবং ২০১৭-১৮ অর্থবছরের সাময়িক হিসাবের ভিত্তিতে ২০১৭-১৮ হতে ২০১৯-২০ পর্যন্ত মোট পরিচালন রাজস্ব, মূল্যসংযোগ, শ্রমিক প্রতি মূল্যসংযোগ এবং প্রবৃদ্ধির হার দেখানো হয়েছে।

**সারণি-১** (কোটি টাকায়)

| বিবরণ | ২০১৯-২০ বাজেট প্রাক্কলন | ২০১৭-১৮ হতে ২০১৯-২০ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৮-১৯ সংশোধিত বাজেট | ২০১৭-১৮ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. পরিচালন রাজস্ব | ২০৩,০৬৭.৯৯ | ৭.৯২ | ১৮৯,০৪১.৬৫ | ১৭৪,৩৬০.৬৯ |
| ২. ক্রীত পণ্য ও সেবা | ১৮৯,২৯৫.৯৬ | ১০.৪৮ | ১৭৫,৫০৬.৪২ | ১৫৫,০৭৩.১৩ |
| ৩. উৎপাদন ব্যয় ভিত্তিক মূল্যসংযোগ | ১৩,৭৭২.০৩ | (১৫.৫০) | ১৩,৫৩৫.২৪ | ১৯,২৮৭.৫৬ |
| ৪. বেতন ও ভাতাদি | ৮,২৩৮.৭৫ | ১৬.৬৪ | ৭,৭১৪.৫৩ | ৬,০৫৫.৫৬ |
| ৫. অবচয় | ৮,৪৬৭.৪০ | ১১.৩২ | ৭,৮৭৮.২৪ | ৬,৮৩২.৪৮ |
| ৬. পরিচালন উদ্বৃত্ত/লোকসান | (২,৯৩৪.১২) | (৫১.০৯) | (২,০৫৭.৫৩) | ৬,৩৯৯.৫১ |
| ৭. উৎপাদনের উপাদান ভিত্তিক মূল্যসংযোগ | ১৩,৭৭২.০৩ | (১৫.৫০) | ১৩,৫৩৫.২৪ | ১৯,২৮৭.৫৬ |
| ৯. কর উত্তর নীট লাভ/ (লোকসান) | (৫,৩৫০.২৩) | (৪১.২৪) | (৪,১৫৫.৫৩) | ৫,০৭৯.৯৯ |

২০১৭-১৮ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী মোট পরিচালন রাজস্ব ১৭৪,৩৬০.৬৯ কোটি টাকা যা ২০১৯-২০ প্রাক্কলিত বাজেটে বৃদ্ধি পেয়ে ২০৩,০৬৭.৯৯ কোটি টাকায় দাঁড়াবে। বার্ষিক প্রবৃদ্ধির হার (exponential growth rate) ৭.৯২ শতাংশ। উপরোক্ত সময়ে ক্রীত পণ্য ও সেবার মূল্য ১০.৪৮ শতাংশ বৃদ্ধি পাবে। কর্পোরেশনসমূহের মূল্যসংযোগ ২০১৭-১৮ অর্থবছরে ১৯,২৮৭.৫৬ কোটি টাকা ছিল যা হ্রাস পেয়ে ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে ১৩,৫৩৫.২৪ কোটি টাকা এবং ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে ১৩,৭৭২.০৩ কোটি টাকা দাঁড়াবে বলে অভিক্ষেপণ করা হয়েছে। মূল্যসংযোগ হ্রাসের হার ১৫.৫০ শতাংশ।

সারণি-১ হতে দেখা যাচ্ছে যে, ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ২০১৮-১৯ সংশোধিত এবং ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরের বাজেটে বেতন-ভাতাদির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে পরিচালন মুনাফা ছিল ৬,৩৯৯.৫১ কোটি টাকা। ২০১৮-১৯ সংশোধিত বাজেট এবং ২০১৯-২০ প্রাক্কলিত বাজেট পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ২,০৫৭.৫৩ কোটি টাকা এবং ২,৯৩৪.১২ কোটি টাকা ।

২০১৭-১৮ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী নীট মুনাফার পরিমাণ প্রায় ৫০৮০ কোটি টাকা। তন্মধ্যে ৩৫টি প্রতিষ্ঠান লাভজনকভাবে পরিচালিত হচ্ছে, ১টি প্রতিষ্ঠান ব্রেক ইভেনে এবং ১৩ টি প্রতিষ্ঠান লোকসানের সন্মুখীন হয়েছে। ১৩টি প্রতিষ্ঠানের মোট লোকসানের পরিমাণ প্রায় ১১৩৯৫ কোটি টাকা, তন্মধ্যে বিদ্যুৎ খাতের লোকসান ৯৩১০ কোটি যা ১৩টি প্রতিষ্ঠানের মোট লোকসানের প্রায় ৮১.৭০%।

২০১৭-১৮ অর্থবছরে ৪৯টি সংস্থায় কর্মরত জনবল ছিল ১,৫৮,১০৮ জন। ২০১৮-১৯ সংশোধিত বাজেটে এবং ২০১৯-২০ প্রাক্কলিত বাজেটে জনবল দাঁড়াবে যথাক্রমে ১,৫৬,৯৮৫ জনে এবং ১,৬০,৫৪১ জনে। ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে মোট উৎপাদিত পণ্যে শ্রমের অংশ (বেতন ও ভাতাদি) বিগত দুই বছরের তুলনায় বাড়বে। জনবল প্রতি গড় বেতন ও ভাতাদি ২০১৭-১৮ অর্থবছরের ৩,৮৩,০০১.৪৯ টাকা হতে ২০১৯-২০ প্রাক্কলিত বাজেটে ৫,১৩,১৮৬.৬৬ টাকায় দাঁড়াবে । উপরোক্ত সময়ে কর্মচারীর সংখ্যা প্রায় ১.৫৪% বৃদ্ধি পাবে। উল্লেখ্য ২০১৮-১৯ সংশোধিত বাজেটে জনবল প্রতি গড় বার্ষিক বেতন ও ভাতাদি ৪,৯১,৪১৮.২৯ টাকায় দাঁড়াবে।

সারণি-২ এ কর্পোরেশনসমূহের ২০১৭-১৮ হতে ২০১৯-২০ পর্যন্ত সেক্টর ভিত্তিক মূল্যসংযোগের প্রবৃদ্ধির হার এবং মোট জাতীয় উৎপাদনের অংশ দেখানো হয়েছে।

**সারণি-২** (কোটি টাকায়)

| বিবরণ | ২০১৯-২০ বাজেট প্রাক্কলন | ২০১৭-১৮ হতে ২০১৯-২০ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৮-১৯ সংশোধিত বাজেট | ২০১৭-১৮ অর্থবছরের দেশজ উৎপাদন | ২০১৭-১৮ সাময়িক |
|---|---|---|---|---|---|
| ১. শিল্প | ১,৭২৭.৯২ | ১৮.৮৭ | ৭৪৩.০২ | ৪০২২৫০ | ১,২২২.৮২ |
| ২. বিদ্যুৎ, গ্যাস এবং পানি | ৩৪.৪২ | ৪১.৯০ | (২,২৪৫.৬৫) | ২৮৬৯৪ | (২,৫২৩.৫২) |
| ৩. পরিবহন ও যোগাযোগ | ৩,০১৩.৮৬ | ৬.৫২ | ২,৭৩০.১০ | ২০৪২০৯ | ২,৬৫৬.১০ |
| ৪. বাণিজ্য | (২,১৭২.৩৭) | (৫১.৮৮) | ১,৫৭৫.০০ | ২৭৬৬৫০ | ৫,০৩৭.৪৭ |
| ৫. কৃষি | ৩১৪.৫৭ | ৮.৭৮ | ২৭৫.২৯ | ২২৩৮৬৩ | ২৬৫.৮৩ |
| ৬. নির্মাণ | ৮৪০.৫৩ | ১৭.৩৮ | ৭৮৫.২৯ | ১৭১৬২৭ | ৬১০.১০ |
| ৭. সার্ভিস সেক্টর | ১০,০১৩.০৯ | (৮.৭২) | ৯,৬৭২.১৯ | ৯৩১২০৫ | ১২,০১৮.৭৬ |
| ৮. মোট | ১৩,৭৭২.০২ | (১৫.৫০) | ১৩,৫৩৫.২৪ | ২২৩৮৪৯৮ | ১৯,২৮৭.৫৬ |

২০১৭-১৮ অর্থবছরে কর্পোরেশনসমূহের উৎপাদিত পণ্য মূল্যসংযোগের ভিত্তিতে মোট দেশজ উৎপাদনের (GDP) ০.৮৬ শতাংশ। কৃষি, বাণিজ্য, নির্মাণ এবং সার্ভিস সেক্টরসমূহ মূলত ব্যক্তি মালিকানাধীন বিধায় এ সকল সেক্টরে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের অবদান কম। অপরদিকে শিল্প সেক্টরে রাষ্ট্রীয় সংস্থার অবদান ০.৩০ শতাংশ।

সারণি-৩ এ শিল্প সেক্টরের ৬ টি কর্পোরেশনের মূল্যসংযোগ, পরিচালন উদ্বৃত্ত, সংরক্ষিত আয় , কর উত্তর নীট মুনাফা এবং লভ্যাংশের তথ্য বর্ণিত রয়েছে।

**সারণি-৩** (কোটি টাকায়)

| বিবরণ | ২০১৯-২০ বাজেট প্রাক্কলন | ২০১৮-১৯ সংশোধিত বাজেট | ২০১৭-১৮ সাময়িক |
|---|---|---|---|
| ১. মূল্যসংযোগ | ১,৭২৭.৯২ | ৭৪৩.০২ | ১,২২২.৮২ |
| ২. পরিচালন উদ্বৃত্ত/ (লোকসান ) | (১,১৬০.২৫) | (১,৯০৯.১৭) | (১,১৪৬.৭৩) |
| ৩. নীট মুনাফা | (১,৮৪১.৭০) | (২,৫৪৬.২৩) | (১,৮৩৯.৩৯) |
| ৪. সংরক্ষিত আয় | (১,৮৮৫.২৪) | (২,৫৭৬.৫২) | (১,৮৫৪.৬৫) |
| ৫. লভ্যাংশ ( ডিভিডেন্ট) | ৪৩.৫৩ | ৩০.২৯ | ১৫.২৬ |

শিল্প সেক্টরসমূহের মূল্যসংযোগ ২০১৭-১৮ অর্থবছরে ছিল ১,২২২.৮২ কোটি টাকা। ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে তা হ্রাস পেয়ে ৭৪৩.০২ কোটি টাকায় এবং ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে তা বৃদ্ধি পেয়ে ১,৭২৭.৯২ কোটি টাকায় দাঁড়াবে । ক্রীত পণ্য ও সেবা, বেতন ও ভাতাদি এবং অবচয় খাতে ব্যয় বৃদ্ধি পাওয়ায় উল্লিখিত বছরসমূহে সংস্থাগুলো পরিচালন লোকসানের সম্মুখীন হবে। ২০১৭-১৮ অর্থবছরে পরিচালন লোকসানের পরিমাণ ছিল ১,১৪৬.৭৩ কোটি টাকা যা ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে বৃদ্ধি পেয়ে ১,৯০৯.১৭ কোটি টাকায় এবং ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে যা সংশোধিত অর্থবছরের চেয়ে হ্রাস পেয়ে ১,১৬০.২৫ কোটি টাকায় দাঁড়াবে । ২০১৭-১৮ অর্থবছরে শিল্প সেক্টরসমূহ সরকারি কোষাগারে ১৫.২৬ কোটি টাকা লভ্যাংশ জমা প্রদান করেছে। ২০১৮-১৯ সংশোধিত ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে শিল্প সেক্টরসমূহ কর্তৃক সরকারি কোষাগারে যথাক্রমে ৩০.২৯ কোটি টাকা এবং ৪৩.৫৩ কোটি টাকা লভ্যাংশ জমা প্রদান করবে ।

**উৎপাদনশীলতা**

সারণি- ৪ এ কর্পোরেশনসমূহের ২০১৭-১৮ হতে ২০১৯-২০ পর্যন্ত কর্মী প্রতি মূল্যসংযোগ ও উৎপাদনশীলতা দেখানো হয়েছে।

**সারণি- ৪**

| বিবরণ | ২০১৯-২০ প্রাক্কলিত | ২০১৭-১৮ হতে ২০১৯-২০ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৮-১৯ সংশোধিত | ২০১৭-১৮ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. মূল্যসংযোগ (কোটি টাকা) | ১৩,৭৭২.০৩ | (১৫.৫০) | ১৩,৫৩৫.২৪ | ১৯,২৮৭.৫৬ |
| ২. কর্মচারী সংখ্যা (হাজারে) | ১৬০৫.৪১ | (০.৭৭) | ১,৫৬৯.৮৫ | ১,৫৮১.০৮ |
| ৩. শ্রমিক প্রতি মূল্যসংযোগ টাকায় (১/২) | ৮,৫৭৮.৫১ | (১৬.১৪) | ৮,৬২২.০০ | ১২,১৯৮.৯৮ |

শ্রমিক প্রতি মূল্যসংযোগ ২০১৭-১৮ অর্থবছরের ১২,১৯৮.৯৮ টাকা হতে ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে হ্রাস পেয়ে ৮,৬২২.০০ টাকায় দাঁড়াবে। প্রবৃদ্ধির হার ঋণাত্মক ১৬.১৪ শতাংশ অনুমান করা হয়েছে। উপরোক্ত সময়ে কর্মচারী সংখ্যা ০.৭৭ শতাংশ হ্রাস পাবে। শ্রমিক প্রতি মূল্যসংযোগ ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ২০১৮-১৯ সংশোধিত ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থ বছরে হ্রাস পাবে। এখানে উল্লেখ্য যে শ্রমিক প্রতি উৎপাদনশীলতা সত্যিকার অর্থে শ্রমের উৎপাদনশীলতা বোঝায় না। কারণ এ থেকে মূলধনের উৎপাদনশীলতা পৃথক করা হয়নি। অতএব এ পরিমাপক সতর্কতার সাথে গ্রহণ করা বাঞ্ছনীয়।

সারণি -৫ এ কর্পোরেশনসমূহের ২০১৭-১৮ অর্থবছরের সেক্টর ভিত্তিক কর্মী প্রতি মূল্যসংযোগ/ উৎপাদনশীলতা দেখানো হয়েছে।

**সারণি -৫**

| বিবরণ | সর্বমোট | শিল্প | বিদ্যুৎ, গ্যাস এবং পানি | পরিবহন ও যোগাযোগ | বাণিজ্য | কৃষি | নির্মাণ | সার্ভিস সেক্টর |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. মূল্যসংযোগ (কোটি টাকায়) | ১৯,২৮৭.৫৬ | ১,২২২.৮২ | (২,৫২৩.৫২) | ২,৬৫৬.১০ | ৫,০৩৭.৪৭ | ২৬৫.৮৩ | ৬১০.১০ | ১২,০১৮.৭৬ |
| ২. শ্রমিক সংখ্যা (হাজারে) | ১,৫৮১.০৮ | ৬৫৭.১২ | ২১০.৯৭ | ১৪২.৫৯ | ৩৫.৩২ | ৪৬.২১ | ২৪.২৫ | ৪৬৪.৬২ |
| ৩. শ্রমিক প্রতি মূল্যসংযোগ | ১২,১৯৮.৯৮ | ১,৮৬০.৮৮ | (১১,৯৬১.৫১) | ১৮,৬২৭.৫৩ | ১৪২,৬২৩.৭৩ | ৫,৭৫২.৬৫ | ২৫,১৫৮.৭৬ | ২৫,৮৬৭.৯৪ |

সারণি-৫ হতে দেখা যাচ্ছে যে, বাণিজ্য খাতের কর্পোরেশনসমূহের শ্রমিক প্রতি মূল্যসংযোগ ১৪২,৬২৩.৭৩ টাকা যা অন্যান্য খাতের তুলনায় বেশি। অন্যদিকে শিল্প, বিদ্যুৎ, গ্যাস এবং পানি, কৃষি ও মৎস্য সেক্টরের শ্রমিক উৎপাদনশীলতা তুলনামূলক ভাবে কম। ২০১৭-১৮ অর্থবছরে ৪৯টি সংস্থার মোট মূল্যসংযোগ ছিল ১৯,২৮৭.৫৬ কোটি টাকা।

সারণি-৬ এ কর্পোরেশনসমূহের ২০১৭-১৮ হতে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত মূলধনের (স্থায়ী সম্পদ) উৎপাদনশীলতা দেখান হয়েছে।

**সারণি-৬** (কোটি টাকায়)

| বিবরণ | ২০১৯-২০ বাজেট প্রাক্কলন | প্রবৃদ্ধির হার | ২০১৮-১৯ সংশোধিত বাজেট | ২০১৭-১৮ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. মূল্যসংযোগ (কোটি টাকায়) | ১৩,৭৭২.০৩ | (১৫.৫০) | ১৩,৫৩৫.২৪ | ১৯,২৮৭.৫৬ |
| ২. নীট স্থায়ী সম্পদ ( কোটি টাকায়) | ১২৬,৭০৬.৯৭ | ৮.৯২ | ১১৪,৭১৬.৫৭ | ১০৬,৮০৪.৯৪ |
| ৩. মূলধনের উৎপাদনশীলতা (১/২) | ০.১১ | (২২.৪২) | ০.১২ | ০.১৮ |

সারণি-৬ হতে দেখা যায় যে, ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে মূল্যসংযোগ হ্রাস পাওয়ায় প্রবৃদ্ধির হার ঋণাত্মক হয়েছে এবং মূলধনের (নীট স্থায়ী সম্পদ) পরিমাণ বৃদ্ধি পাওয়ায় প্রবৃদ্ধির হার বৃদ্ধি পেয়েছে। এখানে উল্লেখ্য যে, বর্ণিত উৎপাদনশীলতার পরিমাণ শুধুমাত্র মূলধনের অবদান প্রদর্শন করে না। যেহেতু অন্যান্য উৎপাদনকে পৃথক করা হয়নি, অতএব এ পরিমাপকে সতর্কতা সাথে গ্রহণ করা বাঞ্ছনীয়।

সারণি -৭ এ  কর্পোরেশনসমূহের উৎপাদিত পণ্যে ২০১৭-১৮ হতে ২০১৯-২০ সাল পর্যন্ত উপাদান আয় হিসাব করা হয়েছে।

**সারণি -৭** (কোটি টাকায়)

| বিবরণ | ২০১৯-২০ বাজেট প্রাক্কলন | ২০১৭-১৮ হতে ২০১৯-২০ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৮-১৯ সংশোধিত বাজেট | ২০১৭-১৮ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. কর্মীর অংশ | ৫৯.৮২ | ৩৮.০৪ | ৫৭.০০ | ৩১.৪০ |
| ২. মূলধনের অংশ | ৬১.৪৮ | ৩১.৭৪ | ৫৮.২১ | ৩৫.৪২ |
| ৩. পরিচালন আয়ের অংশ | (২১.৩০) | (৪৬.৯৮) | (১৫.২০) | ৩৩.১৮ |


২০১৮-১৯ সংশোধিত ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে শ্রমের অংশ যথাক্রমে ৫৭.০০ কোটি টাকা এবং ৫৯.৮২ কোটি টাকা । ২০১৭-১৮ সাময়িক অর্থবছরে শ্রমের অংশ ছিল ৩১.৪০ কোটি টাকা। ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে মূলধনের অংশ বৃদ্ধি পেয়ে ৫৮.২১ কোটি টাকা দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে। ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে মূলধনের অংশ ২০১৮-১৯ সংশোধিত অর্থবছর হতে পুনরায় বৃদ্ধি পেয়ে ৬১.৪৮ কোটি টাকা দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে। উপরোক্ত সময়কালে পরিচালন আয়ের অংশ প্রায় ৪৬.৯৮ শতাংশ হ্রাস পাবে।

সারণি -৮ এ  কর্পোরেশনসমূহের ২০১৭-১৮ হতে ২০১৯-২০ পর্যন্ত  বিনিয়োগ ও সঞ্চয় (চলতি মূল্য)  দেখানো হয়েছে।

**সারণি -৮** (কোটি টাকায়)

| বিবরণ | ২০১৯-২০ প্রাক্কলিত বাজেট | ২০১৭-১৮ হতে ২০১৯-২০ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৮-১৯ সংশোধিত বাজেট | ২০১৭-১৮ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. বিনিয়োগ | ৫২,৯২০.৭৪ | ৬৫.৪৮ | ৪০,৩১৭.৬২ | ১৯,৩২৬.০০ |
| ২. সংরক্ষিত আয় | (৭,১৫৯.৮৯) | (৩৭.৭২) | (৫,৭৭৫.০০) | ৩,৭৭৮.৭৮ |
| ৩. অবচয় | ৮,৪৬৭.৪০ | ১১.৩২ | ৭,৮৭৮.২৪ | ৬,৮৩২.৪৮ |
| ৪. মোট সঞ্চয় (২+৩) | ১,৩০৭.৫১ | (৬৪.৯০) | ২,১০৩.২৪ | ১০,৬১১.২৬ |
| ৫. অর্থের প্রয়োজনীয়তা (১-৪) | ৫১,৬১৩.২৩ | ১৪৩.৩৬ | ৩৮,২১৪.৩৮ | ৮,৭১৪.৭৪ |

বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং নিজস্ব তহবিল হতে কর্পোরেশনসমূহ ২০১৭-১৮ অর্থবছরে মোট ১৯,৩২৬.০০ কোটি টাকা বিনিয়োগ করেছে ।



লেখ চিত্র: ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বিনিয়োগ ও সঞ্চয়

২০১৮-১৯ সংশোধিত ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে বিনিয়োগের পরিমাণ যথাক্রমে ৪০,৩১৭.৬২ কোটি টাকা ও ৫২,৯২০.৭৪ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছর হতে ২০১৯-২০ অর্থবছরের বিনিয়োগের প্রবৃদ্ধির হার ৬৫.৪৮ শতাংশ এবং সঞ্চয় প্রবৃদ্ধির হার ঋণাত্মক ৬৪.৯০ শতাংশ।

২০১৮-১৯ ও ২০১৯-২০ উভয় অর্থবছরে কর্পোরেশনসমূহের সঞ্চয় ২০১৭-১৮ অর্থবছর হতে হ্রাস পেয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে সঞ্চয়ের পরিমাণ ছিল ১০,৬১১.২৬ কোটি টাকা। ২০১৮-১৯ অর্থবছরে সঞ্চয়ের পরিমাণ ২০১৭-১৮ অর্থবছরের চেয়ে হ্রাস পেয়ে ২,১০৩.২৪ কোটি এবং ২০১৯-২০ অর্থবছরে পূর্ববর্তী অর্থবছরের চেয়ে হ্রাস পেয়ে ১,৩০৭.৫১ কোটি টাকায় দাঁড়াবে ।

২০১৮-১৯ অর্থবছরে সঞ্চয় হ্রাস পেলেও  বিনিয়োগ বৃদ্ধি পাওয়ায় অর্থের প্রয়োজনীয়তা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ৩৮,২১৪.৩৮ কোটি এবং ২০১৯-২০ অর্থবছরে সঞ্চয় পূর্ববর্তী অর্থবছরের চেয়ে হ্রাস পেলেও বিনিয়োগ বৃদ্ধি পাওয়ায় অর্থের প্রয়োজনীয়তা দাঁড়াবে ৫১,৬১৩.২৩ কোটি টাকা। ক্রমপুঞ্জিত সঞ্চয় ও ঋণ গ্রহণের মাধ্যমে অর্থের প্রয়োজনীয়তা মিটানো হবে।

সারণি -৯ এ কর্পোরেশনসমূহের ২০১৭-১৮ হতে ২০১৯-২০ পর্যন্ত সেক্টর ভিত্তিক বিনিয়োগ ( চলতি মূল্য) দেখানো হয়েছে


**সারণি -৯** (কোটি টাকায়)

| বিবরণ | ২০১৯-২০ বাজেট প্রাক্কলন | ২০১৭-১৮ হতে ২০১৯-২০ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৮-১৯ সংশোধিত বাজেট | ২০১৭-১৮ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. শিল্প | ৪,৪৭১.৫৮ | ৯৮.২২ | ১,৭৪১.৮১ | ১,১৩৮.০৭ |
| ২. বিদ্যুৎ, গ্যাস এবং পানি | ১৬,০৩২.৮১ | ২০.১৯ | ১৫,১৯৬.৬১ | ১১,০৯৮.৪৫ |
| ৩. পরিবহন ও যোগাযোগ | ৮,৩৯৮.৩৮ | ১১৪.০১ | ৭,১৩৬.৭৮ | ১,৮৩৩.৬৬ |
| ৪. বাণিজ্য | ২,৮১৫.০৮ | ১২৩.৯৫ | ২,১৬৬.৮২ | ৫৬১.৩০ |
| ৫. কৃষি | ১৬.৮৮ | ১১৭.১৪ | ১৩.৪৮ | ৩.৫৮ |
| ৬. নির্মাণ | ৪,৯৬১.৭০ | ৫৯.০৮ | ৩,৬১৯.৫২ | ১,৯৬০.৭২ |
| ৭. সার্ভিস সেক্টর | ১৬,২২৪.৩১ | ১৪৩.৭৭ | ১০,৪৪২.৬০ | ২,৭৩০.২৪ |
| ৮. সকল সেক্টর | ৫২,৯২০.৭৪ | ৬৫.৪৮ | ৪০,৩১৭.৬২ | ১৯,৩২৬.০২ |

উপরোক্ত সারণি হতে দেখা যাচ্ছে যে, ২০১৭-১৮ অর্থবছরের  তুলনায় ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে  শিল্প, বিদ্যুৎ, গ্যাস এবং পানি, পরিবহন ও যোগাযোগ, বাণিজ্য , কৃষি, নির্মাণ এবং সার্ভিস সেক্টর সহ সব সেক্টরে উচ্চতর বিনিয়োগের পরিকল্পনা করা হয়েছে। শিল্প সেক্টরে বিনিয়োগের প্রবৃদ্ধির হার ৯৮.২২ শতাংশ। ২০১৭-১৮ অর্থবছরে বিদ্যুৎ, গ্যাস ও পানি সেক্টরে বিনিয়োগের পরিমাণ ছিল ১১,০৯৮.৪৫ কোটি টাকা যা  বৃদ্ধি পেয়ে ২০১৮-১৯ সংশোধিত আর্থবছরে ১৫,১৯৬.৬১ কোটি ও ২০১৯-২০  প্রাক্কলিত অর্থবছরে ১৬,০৩২.৮১ কোটি টাকা হবে বলে হিসাব করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে সার্ভিস সেক্টরে বিনিয়োগের পরিমাণ ছিল ২,৭৩০.২৪ কোটি টাকা যা বৃদ্ধি পেয়ে ২০১৮-১৯ সংশোধিত আর্থবছরে ১০,৪৪২.৬০ কোটি ও ২০১৯-২০  প্রাক্কলিত অর্থবছরে ১৬,২২৪.৩১ কোটি টাকা হবে বলে হিসাব করা হয়েছে।

২০১৭-১৮ অর্থবছরে অ-আর্থিক কর্পোরেশনসমূহ সরকারি কোষাগারে শুল্ক, ভ্যাট, লভ্যাংশ ও আয়কর ইত্যাদি বাবদ ২৭০১৩.৬৭ কোটি টাকা জমা প্রদান করে।


| সরকারি কোষাগারে  দেয় অবদান (২০১৭-১৮) | (লক্ষ টাকায়) |
|---|---|
| ১. শিল্প | ৬৭,৭৯৬.৪৬ |
| ২. বিদ্যুৎ, গ্যাস ও পানি | ২,৮৩,২৬৬.৬২ |
| ৩. পরিবহন ও যোগাযোগ | ৪৯,৪৫৭.২২ |
| ৪. বাণিজ্যিক | ১৩,৬৯,৭৮৫.৬৮ |
| ৫. কৃষি ও মৎস্য | ২০৫.৮২ |
| ৬. নির্মাণ | ১৬,৭৮০.৬৩ |
| ৭. সার্ভিস ও অন্যান্য | ৯,১৪,০৭৪.৩৫ |
| মোট | ২৭,০১,৩৬৬.৭৮ |




লেখ চিত্র:২০১৭-১৮ অর্থবছরে ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের সরকারি কোষাগারে দেয় মোট অবদান

২০১৭-১৮ অর্থবছরে অ-আর্থিক কর্পোরেশনসমূহ সরকারি কোষাগারে ১০২৫.০৩ কোটি টাকা লভ্যাংশ হিসেবে জমা প্রদান করে। ২০১৯-২০ অর্থবছরে প্রাক্কলিত এবং ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহ লভ্যাংশ হিসেবে যথাক্রমে ১,১৯০.৪৫ কোটি টাকা এবং ১,১২২.১২ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে প্রাক্কলন করা হয়েছে ।

| লভ্যাংশ (২০১৭-১৮) | (কোটি টাকায়) |
|---|---|
| ১. শিল্প | ১.০০ |
| ২. বিদ্যুৎ, গ্যাস ও পানি | ৮৪৪.০৮ |
| ৩. পরিবহন ও যোগাযোগ | ৮.৯০ |
| ৪. বাণিজ্যিক | ০.০০ |
| ৫. কৃষি ও মৎস্য | ০.০০ |
| ৬. নির্মাণ | ১৫.৫৫ |
| ৭. সার্ভিস ও অন্যান্য | ১৪১.২৫ |
| মোট | ১০১০.৭৭ |



লেখচিত্র: ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের লভ্যাংশের খাতওয়ারী

তহবিল প্রবাহ বিশ্লেষণ করলে সঞ্চয় এবং বিনিয়োগের ঘাটতি কিভাবে পূরণ করা হবে তা উপলব্ধি করা যাবে। সারণি-১০ হতে দেখা যাচ্ছে যে, ২০১৯-২০ প্রাক্কলিত অর্থ বছরে আর্থিক ঘাটতির পরিমাণ ২০১৭-১৮ অর্থবছর অপেক্ষা বেশি।
সারণি-১০ কর্পোরেশনসমূহের ২০১৭-১৮ হতে ২০১৯-২০ তহবিলের উৎস ও প্রয়োগ দেখানো হয়েছে ।

**সারণি-১০** (কোটি টাকায়)

| বিবরণ | ২০১৯-২০ বাজেট প্রাক্কলন | ২০১৮-১৯ সংশোধিত বাজেট | ২০১৭-১৮ (সাময়িক) |
|---|---|---|---|
| ১. আর্থিক প্রয়োজনীয়তা ( বিনিয়োগ- সঞ্চয়) | ৫১,৬১৩.২৩ | ৩৮,২১৪.৩৯ | ৮,৭১৪.৭৪ |
| ২. বাদ: ইকুটির প্রয়োগ | ১৯,৫০১.৫৮ | ১৭,৩০২.৪৭ | ১১,৯৭০.১৯ |
| ৩. দীর্ঘমেয়াদি ঋণ | ২৬,৭৬৮.২৭ | ২৬,১৬৩.৮২ | ২৪,৩৯৭.২৮ |
| ৪. যোগ: দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ৩,২৪৭.৩২ | ২,৮০৪.০৮ | ২,২৮৫.৪৭ |
| ৫. আর্থিক ঘাটতি | ৮,৫৯০.৬৯ | (২,৪৪৮.১২) | (২৫,৩৬৭.২৬) |
| ৬. চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি | ৪০,২৬৮.৮৪ | ৩৯,৬৫৬.৬০ | - |
| ৭. স্বল্প মেয়াদি ঋণের আনুমানিক বৃদ্ধি | ৪৮,৮৫৯.৫৩ | ৩৭,২০৮.৭৮ | - |

২০১৭-১৮ প্রকৃত অর্থবছরের মূলধন প্রয়োগ (Equity Injection) ১১,৯৭০.১৯ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে ১৭,৩০২.৪৭ কোটি টাকা ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে ১৯,৫০১.৫৮ কোটি টাকায় দাঁড়াবে । উপরোক্ত সময়কালে দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ ২৪,৩৯৭.২৮ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে ২৬,১৬৩.৮২ কোটি টাকা ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে ২৬,৭৬৮.২৭ কোটি টাকায় দাঁড়াবে । ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ ৩,২৪৭.৩২ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ করতে সক্ষম হবে যা ২০১৮-১৯ সংশোধটি অর্থবছরের ২,৮০৪.০৮ কোটি টাকা হতে বেশি। ২০১৭-১৮ সাময়িক অর্থবছরে রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ ২,২৮৫.৪৭ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ করেছে। ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহের আর্থিক ঘাটতি থাকবে না । ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে ৮,৫৯০.৬৯ কোটি টাকা আর্থিক ঘাটতি হবে বলে প্রাক্কলন করা হয়েছে। অবশ্য ১০ % হারে চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি ধরে ২০১৯-২০ প্রাক্কলিত অর্থ বছরে সম্পদ দাঁড়াবে ৪০,২৬৮.৮৪ কোটি টাকা।
সারণি- ১১ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরের সেক্টর ভিত্তিক তহবিল প্রবাহ হিসাব করা হযেছে।

**সারণি- ১১** (কোটি টাকায়)

| বিবরণ | শিল্প | বিদ্যুৎ, গ্যাস ও পানি | পরিবহন ও যোগাযোগ | বাণিজ্য | কৃষি ও মৎস্য | নির্মাণ | সার্ভিস | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. আর্থিক প্রয়োজনীয়তা | ৫,৮২৫.৯৫ | ২০,০৬০.৩৫ | ৬,৬৩০.৯৮ | ৪,৯৪১.৪৪ | (১৫.৪২) | ৪,২৮৮.২৩ | ৯,৮৭১.৭০ | ৫১,৬০৩.২৩ |
| ২. বাদ: মূলধন প্রয়োগ | ৯.৯৪ | ৪,৬৮০.০৭ | ৩৭০.০০ | - | - | ৫,৫৪৪.২৮ | ৮,৮৯৭.৩০ | ১৯.৫০১.৫৯ |
| ৩. দীর্ঘমেয়াদি ঋণ | ২৬৭.৪৬ | ৬,১৬৭.১৩ | ৩,০০০.৯৯ | ৭৫.৪৫ | - | - | ১৭,২৫৭.২৪ | ২৬,৭৬৮.২৭ |
| ৪. যোগ: দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ২১৮.৩২ | ১,৬৭৮.১২ | ১৫৩.১১ | ৭৫.৮৯ | ০.২৫ | - | ১,১২১.৬২ | ৩,২৪৭.৩১ |
| ৫. আর্থিক ঘাটতি | ৫,৭৬৬.৮৮ | ১০,৮৯১.২৭ | ৩,৪১৩.১১ | ৪,৯৪১.৮৮ | (৫.১৭) | (১,২৫৬.০৫) | (১৫,১৬১.২৩) | ৮,৫৯০.৬৯ |
| ৬. চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি | ২,১৫৮.৬৪ | ২,৮২০.২৪ | ৫২৩.০৯ | ৬,২৫৩.৭১ | ৬০.৯৬ | ৬,১৪২.৪০ | ২২,৩০৯.৭৯ | ৪০,২৬৮.৮৩ |
| ৭. স্বল্পমেয়াদি ঋণের আনুমানিক বৃদ্ধি | ৭,৯২৫.৫২ | ১৩,৭১১.৫১ | ৩,৯৩৬.২০ | ১১,১৯৫.৫৯ | ৫৫.৭৯ | ৪,৮৮৬.৩৫ | ৭,১৪৮.৫৭ | ৪৮,৮৫৯.৫৩ |

সারণি-১১ এ সেক্টর ভিত্তিক তহবিল প্রবাহ বিশ্লেষণ হতে দেখা যায় যে, কৃষি ও মৎস্য, নির্মাণ এবং সার্ভিস সেক্টরের অন্তর্ভুক্ত পাবলিক কর্পোরেশনসমূহে আর্থিক ঘাটতি থাকবে না । কিন্তু অন্যান্য সেক্টর যেমন বাণিজ্য, শিল্প, বিদ্যুৎ , গ্যাস ও পানি এবং পরিবহণ ও যোগাযোগ সেক্টরে কর্পোরেশণের আর্থিক ঘাটতি পরিলক্ষিত হয় । বিদ্যুৎ,গ্যাস এবং পানি সেক্টরে আর্থিক ঘাটতির পরিমাণ সবচেয়ে বেশি অর্থাৎ ১০,৮৯১.২৭ কোটি টাকা হবে বলে প্রাক্কলন করা হয়েছে। ফলে আলোচ্য অর্থবছরে সংস্থাসমূহে সর্বমোট ৮,৫৯০.৬৯ কোটি টাকার আর্থিক ঘাটতি থাকবে বলে প্রাক্কলন করা হয়েছে। আলোচ্য অর্থবছরে বিদ্যুৎ,গ্যাস এবং পানি সেক্টর সর্বোচ্চ ১,৬৭৮.১২ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ সহ সংস্থাসমূহ মোট ৩,২৪৭.৩১ কোটি টাকা ঋণ পরিশোধ করবে করবে বলে প্রাক্কলন করা হয়েছে। আলোচ্য অর্থবছরে চলতি সম্পদের মোট আনুমানিক বৃদ্ধি হবে ৪০,২৬৮.৮৩ কোটি টাকা। আলোচ্য অর্থবছরে সংস্থাসমুহে আর্থিক প্রয়োজনীয়তার পরিমাণ ৫১,৬০৩.২৩ কোটি টাকা এবং এর বিপরীতে ১৯.৫০১.৫৯ কোটি টাকার মূলধন প্রয়োগ হবে।

**আর্থিক বিশ্লেষণ**

লাভ/লোকসান পরিস্থিতি যে কোন কর্পোরেশনের আর্থিক বিশ্লেষণের একটি গুরুত্বপূর্ণ দিক। বাংলাদেশে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রায় সমস্ত সম্পদ ও ঋণ সরকার অথবা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যোগান দেয়া হয়ে থাকে। সুতরাং এ সমস্ত প্রতিষ্ঠনের আর্থিক অবস্থা বিশ্লেষণের ক্ষেত্রে সম্পদের উপর মুনাফার হার একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি।

সারণি- ১২ এ প্রতিষ্ঠানমূহের ২০১৭-১৮ অর্থবছর হতে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত অর্জিত মুনাফার হিসাব দেখানো হয়েছে।

**সারণি- ১২** (কোটি টাকায়)

| | বিবরণ | ২০১৯-২০ বাজেট প্রাক্কলন | ২০১৮-১৯ সংশোধিত বাজেট | ২০১৭-১৮ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. | পরিচালন রাজস্ব | ২০৩,০৬৭.৯৯ | ১৮৯,০৪১.৬৫ | ১৭৪,৩৬০.৬৯ |
| ২. | পরিচালন উদ্বৃত্ত | (২,৯৩৪.১২) | (২,০৫৭.৫৩) | ৬,৩৯৯.৫১ |
| ৩. | পরিচালন বহির্ভূত রাজস্ব | ৩,৭৯০.২২ | ৩,৭৬৪.১৪ | ৪,০৩৮.০২ |
| ৪. | কর্মচারী অংশীদারি তহবিল | ৭৪.৬৬ | ৭৩.৪০ | ৯১.০৯ |
| ৫. | ভর্তুকি (প্রত্যক্ষ) | ০.৫০ | ০.৫০ | ৬.৪৯ |
| ৬. | সুদ | ৪,৪৮৬.৯৫ | ৪,২১৫.৩০ | ৩,৪০৫.৪৩ |
| ৭. | কর পূর্ব নীট লাভ/ (লোকসান) | (৩,৭০৫.০১) | (২,৫৮১.৫৯) | ৬,৯৪৭.৫০ |
| ৮. | কর | ১,৬৪৫.২২ | ১,৫৭৩.৯৪ | ১,৬২১.১৬ |
| ৯. | কর উত্তর নীট লাভ/ (লোকসান) | (৫,৬৭০.২৩) | (৪,৩৫৫.৫৩) | ৫,০৭৯.৯৯ |
| ১০. | লভ্যাংশ (ডিভিডেন্ট ) | ১,১৯০.৪৫ | ১,১২২.১২ | ১,০১০.৭৭ |
| ১১. | সংরক্ষিত আয় | (৬,৫৪০.৬৮) | (৫,২৭৭.৬৫) | ৪,২৯৫.৩২ |
| ১২. | মোট বিনিয়োগ/ ফান্ড | ৫৯০,৫৭২.৬২ | ৫১১,২৩৬.৪৫ | ৪৩৮,৫৮৩.২৯ |
| ১৩. | ইকুইটি | ৯৭,৩১২.৯০ | ৮৫,৭৫৫.৮৭ | ৭৫,৩৩৬.৬৫ |
| ১৪. | বিনিয়োগের উপর পরিচালন মুনাফার হার | (০.৫০) | (০.৪০) | ১.৪৬ |
| ১৫. | পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার | (২.৬৩) | (২.২০) | ৩.০৫ |
| ১৬. | ইকুইটির উপর লভ্যাংশের হার ( ১০/১৩) | ১.২২ | ১.৩১ | ১.৩৬ |
| ১৭. | মোট সম্পদের টার্নওভার (১/১২) | ০.৩৪ | ০.৩৭ | ০.৪০ |

সারণি- ১২ এ সংস্থাসমূহ কর্তৃক পরিচালন আয়ের উপর নীট মুনাফার হার (Margin on operational revenue), সম্পদের টার্নওভার (Asset Turn Over) এবং কর উত্তর নীট লাভ (Net profit after tax) ও ইকুইটির উপর লভ্যাংশের হার (Return on equity) ইত্যাদি দেখানো হয়েছে।

২০১৯-২০ প্রাক্কলিত অর্থ বছরে মোট বিনিয়োগের উপর ঋণাত্মক ০.৫০ শতাংশ পরিচালন মুনাফার হার প্রাক্কলন করা হয়েছে। ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে বিনিয়োগের উপর পরিচালন মুনাফা ঋণাত্মক ০.৪০ শতাংশ এবং ২০১৭-১৮ অর্থবছরে বিনিয়োগের উপর পরিচালন মুনাফা ছিল ১.৩৬ শতাংশ । পরিচালন রাজস্বের উপর মুনাফার হার ২০১৯-২০ প্রাক্কলিত ও

২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে যথাক্রমে ঋণাত্মক ২.৬৩ শতাংশ এবং ২.২০ শতাংশে দাঁড়াবে। ২০১৭-১৮ সাময়িক অর্থবছরে পরিচালন রাজস্বের উপর মুনাফার হার ছিল ৩.০৫ শতাংশ।

সম্পদের টার্নওভার পর্যালোচনা করলে দেখা যায় যে, সম্পদ ব্যবহারের ক্ষমতা পূর্ববর্তী অর্থবছরের ন্যায় ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে অপরিবর্তিত থাকবে এবং ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে সম্পদ ব্যবহারের ক্ষমতা ২০১৭-১৮ সাময়িক অর্থবছরের তুলনায় কিছুটা হ্রাস পাবে বলে ধারণা করা যাচ্ছে ।

২০১৭-১৮ সাময়িক অর্থবছরে অ-আর্থিক পাবলিক কর্পোরেশনসমূহের কর উত্তর নীট মুনাফা ছিল ৫,০৭৯.৯৯ কোটি টাকা। ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে এবং ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে কর উত্তর নীট লোকসান দাঁড়াবে যথাক্রমে ৪,৩৫৫.৫৩ কোটি টাকা ও ৫,৬৭০.২৩কোটি টাকা ।

২০১৭-১৮ সাময়িক অর্থবছরে সংস্থাসমূহ সরকারি কোষাগারে ১০১০.৭৭ কোটি টাকা লভ্যাংশ হিসাবে জমা প্রদান করে। ২০১৯-২০ প্রাক্কলিত এবং ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহ লভ্যাংশ হিসাবে যথাক্রমে ১১৯০.৪৫ কোটি টাকা এবং ১১২২.১২ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে বলে প্রাক্কলন করা হয়েছে।

২০১৯-২০ অর্থবছরে লভ্যাংশ হ্রাস পাওয়ার অন্যতম কারণ হচ্ছে আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি এবং দেশে জ্বালানি তেলের মূল্য আনুপাতিক হারে বৃদ্ধি না পাওয়ায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ২০১৯-২০ অর্থবছরে লোকসানের সন্মুখীন হবে বিধায় লভ্যাংশ প্রদান করবে না। ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে কর্পোরেশনসমূহ সরকার হতে গৃহীত ঋণের উপর ৪,৪৮৬.৯৫ কোটি টাকা ও ২০১৮-১৯ অর্থবছরে ৪,২১৫.৩০ কোটি টাকা সুদ প্রদান করবে যা ২০১৭-১৮ অর্থবছরে ছিল ৩,৪০৫.৪৩ কোটি টাকা। ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে ১,৬৪৫.২২ কোটি টাকা কর প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যা ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরের সংশোধিত লক্ষ্যমাত্রা ১,৫৭৩.৯৪ কোটি টাকা হতে কম । ২০১৭-১৮ অর্থবছরে কর প্রদানের পরিমাণ ছিল ১,৬২১.১৬ কোটি টাকা।

**মুনাফা তারতম্যের কারণ**

মোট বিনিয়োগের উপর মুনাফার হার মূলত দুটি বিষয়ের উপর নির্ভরশীল ১. পরিচালন রাজস্বের উপর মুনাফা এবং ২. রাজস্ব অর্জনে মোট সম্পদ ব্যবহারের টার্নওভার। সারণি- ১২ হতে দেখা যাচ্ছে যে, ২০১৭-১৮ অর্থ বছরে পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার ছিল ৩.০৫। ২০১৯-২০ প্রাক্কলিত ও ২০১৮-১৯ সংশোধিত উভয় অর্থবছরে পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় হ্রাস পেয়ে যথাক্রমে ঋণাত্মক ২.৬৩ ও ঋণাত্মক ২.২০ । রাজস্ব অর্জনে মোট সম্পদের টার্নওভার অনুপাত ২০১৭-১৮ অর্থবছরের ৪০% যা ২০১৯-২০ প্রাক্কলিত ও ২০১৮-১৯ সংশোধিত অর্থবছরে হ্রাস পেয়ে যথাক্রমে ৩৪% ও ৩৭% হবে।

## আর্থিক তারল্য ও স্থিতি

সারণি- ১৩ এ কর্পোরেশনসমূহের জুন ২০২০, জুন ২০১৯ ও জুন ২০১৮ সনে সমাপ্ত আর্থিক বৎসরের প্রাক্কলিত, সংশোধিত এবং প্রকৃত স্থিতিপত্র দেখানো হয়েছে। এখান উল্লেখ্য যে, ২০১৯-২০ অর্থবছরের ব্যালেন্স শীট ২০১৮-১৯ অর্থবছরের ব্যালান্স শীটের সাথে প্রাক্কলিত বিনিয়োগ, মূলধন, ঋণ প্রাপ্তি এবং মুদ্রাস্ফীতির কারণে চলতি সম্পদের ১০% বার্ষিক প্রবৃদ্ধি ধরে প্রস্তুত করা হয়েছে। একইভাবে ২০১৮-১৯ অর্থবছরের ব্যালান্স শীট ২০১৭-১৮ এর ভিত্তিতে তৈরি করা হয়েছে।

সারণি- ১৩ কর্পোরেশনসমূহের ব্যালান্স শীট জুন ২০১৮- জুন ২০২০

**সারণি- ১৩**

(কোটি টাকায়)

| | বিবরণ | জুন ২০১৯ | মোট সম্পদের অংশ(%) | বার্ষিক প্রবৃদ্ধির হার | জুন ২০১৮ | মোট সম্পদের অংশ(%) | জুন ২০১৭ | মোট সম্পদের অংশ (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | মূলধন | ৯৭,৩১২.৯০ | ১৬.৪৮ | ১৩.৬৫ | ৮৫,৭৫৫.৮৭ | ১৬.৭৭ | ৭৫,৩৩৬.৬৫ | ১৭.১৮ |
| ২. | দীর্ঘমেয়াদি দায় | ২৭৭,০৩১.৪২ | ৪৬.৯১ | ১২.৮২ | ২৪৭,২৪৬.৪৪ | ৪৮.৩৬ | ২১৭,৬৬২.৮৫ | ৪৯.৬৩ |
| ৩. | চলতি দায় | ২১৬,২২৮.৩০ | ৩৬.৬১ | ২১.৮৭ | ১৭৮,২৩৪.১৪ | ৩৪.৮৬ | ১৪৫,৫৮৩.৮০ | ৩৩.১৯ |
| ৪. | মোট দায় | ৪৯৩,২৫৯.৭২ | ৮৩.৫২ | ১৬.৫৩ | ৪২৫,৪৮০.৫৮ | ৮৩.২৩ | ৩৬৩,২৪৬.৬৫ | ৮২.৮২ |
| ৫. | মোট পুঁজি | ৫৯০,৫৭২.৬২ | ১০০.০০ | ১৬.০৪ | ৫১১,২৩৬.৪৫ | ১০০.০০ | ৪৩৮,৫৮৩.২৯ | ১০০.০০ |
| ৬. | স্থায়ী সম্পদ অবচয় বাদে | ১২৬,৭০৬.৯৭ | ২১.৪৫ | ৮.৯২ | ১১৪,৭১৬.৫৭ | ২২.৪৪ | ১০৬,৮০৪.৯৪ | ২৪.৩৫ |
| ৭. | অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পদ | ২৪২,২৭২.০৭ | ৪১.০২ | ২১.৬৯ | ১৯৮,৯৯৬.৮৪ | ৩৮.৯২ | ১৬৩,৬০৭.৪১ | ৩৭.৩০ |
| ৮. | চলতি সম্পদ মজুদ | ২৪,৭৩৩.৯৯ | ৪.১৯ | ১০.০০ | ২২,৪৮৫.৪৪ | ৪.৪০ | ২০,৪৪১.৩১ | ৪.৬৬ |
| ৯. | অন্যান্য | ১৯৬,৮৫৯.৫৯ | ৩৩.৩৩ | ১৫.৪৪ | ১৭৫,০৩৭.৫৯ | ৩৪.২৪ | ১৪৭,৭২৯.৬৩ | ৩৩.৬৮ |
| ১০. | মোট চলতি সম্পদ | ২২১,৫৯৩.৫৮ | *৩৭.৫২* | ১৪.৭৯ | ১৯৭,৫২৩.০৩ | *৩৮.৬৪* | ১৬৮,১৭০.৯৪ | *৩৮.৩৪* |
| ১১. | মোট সম্পদ | ৫৯০,৫৭২.৬২ | ১০০.০০ | ১৬.০৪ | ৫১১,২৩৬.৪৫ | ১০০.০০ | ৪৩৮,৫৮৩.২৯ | ১০০.০০ |

২০১৯-২০ অর্থবছরে ৪৯টি অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থার মোট সম্পদের পরিমাণ ৫৯০,৫৭২.৬২ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে যা ২০১৭-১৮ অর্থবছরের ৪৩৮,৫৮৩.২৯ কোটি টাকার তুলনায় ১৬ শতাংশ বেশী। ২০১৭-১৮ অর্থবছরে স্থায়ী সম্পদ মোট সম্পদের ২৪.৩৫ শতাংশ। ২০১৮-১৯ সংশোধিত ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে স্থায়ী সম্পদ যথাক্রমে মোট সম্পদের ২২.৪৪ ও ২১.৪৫ শতাংশ। অতএব, দেখা যাচ্ছে যে, ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ২০১৮-১৯ সংশোধিত ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদে স্থায়ী সম্পদের অংশ ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। অপরদিকে অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পদ (মূলত বাস্তবায়নাধীন প্রকল্পে)ব্যয়সমূহ ২০১৭-১৮ অর্থবছরে মোট সম্পদের ৩৭.০০ শতাংশ। ২০১৮-১৯ সংশোধিত ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে যা ২০১৭-১৮ প্রকৃত অর্থবছরের তুলনায় ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩৮.৯২ শতাংশ ও ৪১.০২ শতাংশে দাঁড়াবে ।

২০১৭-১৮ অর্থবছরে ঋণ মূলধনের সামগ্রিক অনুপাত ৮৩:১৭। ২০১৮-১৯ সংশোধিত ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ৮৩:১৭ এবং ৮৪:১৬ । অর্থাৎ মোট বিনিয়োগে মূলধনের পরিমাণ বৃদ্ধি পাবে। ২০১৮-১৯ সংশোধিত ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে স্বল্পমেয়াদি দায় ( চলতি দায়) মোট সম্পদের যথাক্রমে ৩৪.৮৬ এবং ৩৬.৬১ শতাংশ । তবে আলোচ্য সময়ে চলতি সম্পদ ১৪.৭৯ শতাংশ হারে বৃদ্ধি পাবে এবং চলতি দায় বৃদ্ধি পাবে ২১.৮৭ শতাংশ হারে। ২০১৮-১৯ সংশোধিত ও ২০১৯-২০ প্রাক্কলিত অর্থবছরে চলতি অনুপাত যথাক্রমে ১.১১ ও ১.০২। চলতি অনুপাত ১.৫ এর নীচে সামগ্রিকভাবে রাষ্ট্রায়ত্ত সংস্থার নগদ অর্থ প্রবাহে প্রতিকূল অবস্থার পরিচায়ক (কাঙ্খিত অনুপাত ২) ।